# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বিভাগীয় কমিশনার অফিস, ঢাকা বিভাগ
### (স্থানীয় সরকার, শাখা)
**www.dhakadiv.gov.bd**

স্মারক নং-৪৬.৪১.৩০০০.০১৭.২৫.২৩০.২০২২ (অংশ)- ৫১১ তারিখ: ১০/১২/২০২৫ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৯৯.১১.০০২৩.২৫-১৬২ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা এর স্থানীয় সরকার শাখায় নিম্নবর্ণিত শূন্য পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স সীমা | পদের সংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ ৯,৩০০-২২,৪৯০/- | ১৮-৩২ বছর | ০২ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা; গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ এবং ইংরেজিতে ২৮ শব্দের গতি থাকতে হবে; |
| ২ | অফিস সহায়ক গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩২ বছর | ০৩ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ৩ | পরিচ্ছন্নতা কর্মী গ্রেড-২০ ৮,২৫০-২০,০১০/- | ১৮-৩২ বছর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ঢাকা বিভাগের অধীন ১৩ (তের) জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন;

২. প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯/১২/২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে প্রণীত নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ করে অথবা নির্ধারিত ফরমেটে কম্পোজ করে আবেদন করতে হবে। আবেদন ফরম www.dhakadiv.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

৩. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

৪. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৫. আবেদনপত্র আগামী ০৮ জানুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এ ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা ত্রুটিযুক্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;

৬. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে;

৭. আবেদনের সাথে আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি (৫X৫) সে.মি রঙ্গিন ছবি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ছায়ালিপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট হতে জাতীয়তা সম্পর্কিত সনদপত্র (সত্যায়িত) এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
এক্ষেত্রে সত্যায়নকারীর নাম, পদবী ও দপ্তর উল্লিখিত সীল থাকতে হবে;

৮. সকল পদে ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে প্রার্থীর বয়স সীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৯. কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক প্রণীত সর্বশেষ বিধি অনুসরণ করা হবে। এক্ষেত্রে আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী হলে সে মর্মে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট/প্রমাণক এর সত্যায়িত কপি এবং সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

১০. প্রার্থীকে আবেদনের সাথে পরীক্ষার ফি বাবদ ১ নং ক্রমিকে পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ২ ও ৩ নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের অফেরতযোগ্য পোস্টাল অর্ডার দাখিল করতে হবে;

১১. খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও কোটা (যদি থাকে), নিজ জেলা এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট করে লিখতে হবে;

১২. প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাক টিকেটসহ ১০"X৪.৫" একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে;

১৩. আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৪. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবে। অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। কোন কারণে নিয়োগের যে কোন পর্যায়ে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করা হলে বা বাতিল করা হলে কোন আবেদনকারী তাকে নিয়োগ প্রদানের জন্য দাবী করতে পারবে না বা দাবী করলেও তা আইনানুগভাবে গৃহীত হবে না;

১৫. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি,এ/ডিএ প্রদান করা হবে না;

১৬. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

১৭. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। কেউ একাধিক পদে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

১৮. চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশ প্রাপ্তদের ক্ষেত্রে পুলিশ ভ্যারিফিকেশন রিপোর্ট এবং সংশ্লিষ্ট সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন সন্তোষজনক হতে হবে;

১৯. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

২০. আবেদন ফর্মে স্বাক্ষরের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বহস্তে স্বাক্ষর করতে হবে।


১০/১২/২৫

**মোঃ আব্দুর রহিম**
পরিচালক (যুগ্মসচিব)
স্থানীয় সরকার, ঢাকা বিভাগ
ফোন: ২২২৬৬৬৩৮৪৪
ইমেইল : dhakadiv2018@gmail.com


ডিজি-১৭৬২/২৫ (১৫"X৩)